

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১০৬.২০১২-০০০


তারিখ : ২০ এপ্রিল, ২০১৬।

বিষয়: সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলা পরিষদের ব্যবহার অনুপযোগী 'ইছামতি' ভবন এবং রায়গঞ্জ উপজেলা পরিষদের মালিকানাধীন বিএডিসি অফিস ভবন পরিত্যক্ত ঘোষণা।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ-এর স্মারক নং-০৫.৫০.৮৮০০.০০৫.১৬.০০২.১৬-১৪৫; তারিখ: ২৯ ফেব্রুয়ারি, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রস্তাব অনুযায়ী জেলা কনডেমনেশন কমিটির ১৭ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় কামারখন্দ উপজেলা পরিষদের ব্যবহার অনুপযোগী 'ইছামতি' ভবন পরিত্যক্ত ঘোষণার সিদ্ধান্ত অনুমোদন করা হলো। একইসাথে কামারখন্দ উপজেলা পরিষদের ব্যবহার অনুপযোগী 'ইছামতি' ভবনটি সর্বোচ্চ দর প্রাপ্তি নিশ্চিত করে এতদসংক্রান্ত সকল বিধি-বিধান/পরিপত্র/সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

২। সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলা পরিষদের মালিকানাধীন ব্যবহার অনুপযোগী বিএডিসি অফিস ভবনটি পরিত্যক্ত ঘোষণার পূর্বে পরিত্যক্ত ঘোষণার লক্ষ্যে উক্ত উপজেলা পরিষদ সভায় সিদ্ধান্তের কপিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


২০/০৪/২০১৬
(ড. জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
সিরাজগঞ্জ।

অনুলিপি :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কামারখন্দ/রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কামারখন্দ/রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।